গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
চিকিৎসা কার্যক্রম শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৪.২২.০০০৭.২৫.

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ আগস্ট, ২০২৫ খ্রি.

## পরিপত্র

**বিষয়: "হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের অধীন রোগীকল্যাণ সমিতির কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৫"।**

সমাজসেবা অধিদপ্তরাধীন হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় রোগীকল্যাণ সমিতির মাধ্যমে সারা দেশে অসংখ্য অসহায় ও প্রান্তিক রোগীকে সহায়তা প্রদান করা হচ্ছে। ক্রমবর্ধমান রোগীর চাপ ও সীমিত সম্পদের প্রেক্ষাপটে তহবিল ব্যবস্থাপনায় আধুনিক ও কার্যকর পদ্ধতির প্রয়োজনীয়তা দেখা দেয়ায় কেন্দ্রীয়ভাবে দান, অনুদান, যাকাত সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করা হয়। রোগীকল্যাণ সমিতির কেন্দ্রীয় তহবিল সংগ্রহ, ব্যবস্থাপনা এবং বণ্টনে স্বচ্ছতা, ন্যায্যতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে **"হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের অধীন রোগীকল্যাণ সমিতির কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৫"** জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১২ (বারো) পৃষ্ঠা।

মোঃ সাইদুর রহমান খান
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ইমেইল: dg@dss.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।
৩. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (কার্যক্রম-১/২), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক (চিকিৎসা/নিবন্ধন/ গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ/প্রশাসন/অর্থ ও বাজেট), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
৭. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সহকারী পরিচালক (চিকিৎসা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯. সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও শাখা, ঢাকা।
১০. সমাজসেবা অফিসার (চিকিৎসা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. হাসপাতাল সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয় (সকল)।
১২. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় (সকল) ।
১৩. সহকারী প্রোগামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. চিফ কমার্শিয়াল অফিসার, বিকাশ লিমিটেড, এসকেএস টাওয়ার (১২ তলা), ৭ ভিআইপি রোড, মহাখালী, ঢাকা-১২০৬।

# হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের অধীন রোগীকল্যাণ সমিতির কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৫

হাসপাতাল সমাজসেবা কার্যক্রম
কার্যক্রম অধিশাখা
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

**হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের অধীন রোগীকল্যাণ সমিতির কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৫**

## ১.০ পটভূমি

"হাসপাতাল সমাজসেবা কার্যক্রম" বাংলাদেশের সরকারি ও বেসরকারি হাসপাতালে সমাজসেবা অধিদপ্তরের তত্ত্বাবধানে অসহায়, দরিদ্র এবং প্রান্তিক রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের একটি গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক কার্যক্রম। ১৯৫৮ সালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে শুরু হওয়া এই কার্যক্রম ১৯৬১ সালে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশের অধীনে "রোগীকল্যাণ সমিতি" গঠনের মাধ্যমে বর্তমানে দেশব্যাপী ৫৩৮টি ইউনিটে বিস্তৃত। এর মধ্যে জেলা পর্যায়ে ১১৮টি ইউনিট এবং উপজেলা পর্যায়ে ক্ষুদ্র পরিসরে ৪২০টি রোগীকল্যাণ সমিতি'র মাধ্যমে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন হাসপাতালে প্রতিনিয়ত এ কার্যক্রম সম্প্রসারিত হচ্ছে।

বর্তমানে সেবাগ্রহীতার সংখ্যার তুলনায় সরকারি ও স্থানীয়ভাবে সংগৃহীত তহবিল অপ্রতুল। এর অন্যতম কারণ হচ্ছে তহবিল সংগ্রহে গতানুগতিক পদ্ধতির ব্যবহার এবং প্রচার প্রচারণার অভাব। ঢাকা মহানগরীর হাসপাতাল এবং জেলা ও বিভাগীয় পর্যায়ের মেডিকেল কলেজ হাসপাতালগুলোতে রোগীর চাপ বেশি, অপরদিকে উপজেলা পর্যায়ের হাসপাতালগুলো প্রান্তিক জনগোষ্ঠীর জন্য অত্যাবশ্যকীয়। বর্তমান তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসমৃদ্ধ আধুনিক যুগের তুলনায় তহবিল সংগ্রহে সহজ ও নিরাপদ পদ্ধতির অভাব ছিল, যার প্রেক্ষিতে ২০২৫ সালে সোনালী ব্যাংকে "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (অনুদান)" ও "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (যাকাত)" শিরোনামে পৃথক দু'টি হিসাব খোলা হয়েছে। বর্তমানে দান-অনুদানের নগদ অর্থ মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস 'বিকাশ' এর দু'টি পৃথক মার্চেন্ট একাউন্ট এবং ''রোগীকল্যাণ সমিতি (অনুদান)'' ও ''রোগীকল্যাণ সমিতি (যাকাত)'' শীর্ষক ডোনেশন অপশনের মাধ্যমে উক্ত ব্যাংক হিসাব দু'টিতে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনলাইন সামাজিক যোগাযোগ প্ল্যাটফর্মে তহবিল সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে অনলাইনভিত্তিক পেমেন্ট গেটওয়ে সংযোগ প্রক্রিয়া চলমান রয়েছে। এই নির্দেশিকাটি কেন্দ্রীয় তহবিল সংগ্রহ, ব্যবস্থাপনা এবং বণ্টনে স্বচ্ছতা, ন্যায্যতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে তৈরি করা হয়েছে। এটি বিদ্যমান হাসপাতালসহ ভবিষ্যতে সম্প্রসারিত হাসপাতালসমূহের জন্য কার্যকর হবে। আধুনিক প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে রোগীকল্যাণ সমিতির তহবিলের কার্যকর ব্যবস্থাপনা এই নির্দেশিকার মূল উদ্দেশ্য।

## ২.০ লক্ষ্য ও উদ্দেশ্য

১. সার্বক্ষণিক সক্রিয়, সহজ, নিরাপদ, স্বচ্ছ ও জবাবদিহিমূলক ডিজিটাল পদ্ধতিতে যাকাত, দান এবং অনুদান সংগ্রহ ও বণ্টন নিশ্চিতকরণ;

২. ২০৩০ সালের মধ্যে বার্ষিক বেসরকারি দান-অনুদান ৫০% বৃদ্ধি করে রোগীকল্যাণ সমিতির জন্য সমৃদ্ধ তহবিল গঠন;

৩. এই নির্দেশিকার ৯.০ অনুচ্ছেদে বর্ণিত সূচকের ভিত্তিতে কেন্দ্রীয় তহবিলের সুষ্ঠু ও ন্যায্য বণ্টন;

৪. তহবিল ব্যবস্থাপনায় ১০০% স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে অনুদান প্রদানকারীগণের আস্থা বৃদ্ধি;

৫. সংগৃহীত তহবিল সেবাপ্রার্থীদের কাছে দ্রুততম সময়ে পৌঁছে দেয়া;

৬. বিশেষ দৈব দুর্ঘটনা, মহামারী বা জরুরি প্রয়োজনের জন্য তহবিল সংরক্ষণ;

৭. ডিজিটাল প্ল্যাটফর্মের ব্যবহার বাড়িয়ে নতুন ডোনারদের সম্পৃক্তকরণ।

### ৩.০ সংজ্ঞা

- **হাসপাতাল সমাজসেবা কার্যক্রমঃ** সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সরকারি ও বেসরকারি হাসপাতালে অসহায় রোগীদের চিকিৎসা সহায়তার জন্য পরিচালিত সেবাধর্মী কার্যক্রম।
- **রোগীকল্যাণ সমিতিঃ** হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ অনুযায়ী নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠন, যা তহবিল সংগ্রহ ও বিনামূল্যে চিকিৎসা সহায়তা প্রদানের মাধ্যমে রোগীদের সেবা প্রদান করে।
- **ডোনেশনঃ** সরকারি, বেসরকারি দান-অনুদান, যাকাত বা অন্য যে কোন ধরনের নগদ অর্থ, অনলাইন ফিনান্সিয়াল যে কোন সার্ভিসের মাধ্যমে প্রদেয় যাকাত, দান, অনুদান এবং পণ্য বা অন্যান্য সহায়তা যার আর্থিক মূল্য রয়েছে।
- **পেমেন্টঃ** মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস এর 'Payment' অপশন, যা মার্চেন্ট অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরের জন্য ব্যবহৃত।
- **মার্চেন্ট অ্যাকাউন্ট নম্বরঃ** তহবিল সংগ্রহের জন্য নির্ধারিত মোবাইল নম্বর, যা সমাজসেবা অধিদপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত।
- **কেন্দ্রীয় তহবিলঃ** "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (অনুদান)" ও "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (যাকাত)" যা সকল হাসপাতালের জন্য তহবিল সংগ্রহ ও বিতরণের কেন্দ্রীয় হিসাব।
- **অনলাইন পেমেন্টঃ** মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (যেমন: বিকাশ, নগদ, রকেট, ইউপে, ট্যাপ, কিউ ক্যাশ বা অন্যান্য অনলাইনভিত্তিক ফিনান্সিয়াল সার্ভিস) এবং অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে তহবিল সংগ্রহ ও স্থানান্তর।
- **জরুরি তহবিলঃ** কেন্দ্রীয় তহবিলের জরুরী অংশ, যা দৈব দুর্ঘটনা, মহামারী বা অন্যান্য জরুরি প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষিত।

### ৪.০ অধিক্ষেত্র

এই নির্দেশিকা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ের রোগীকল্যাণ সমিতি'র মাধ্যমে পরিচালিত "হাসপাতাল সমাজসেবা কার্যক্রম" এর জন্য প্রযোজ্য হবে।

### ৫.০ কেন্দ্রীয় তহবিলের শিরোনাম

**০২ টি কেন্দ্রীয় তহবিল থাকবে, যা নিম্নরূপঃ**

**ক) কেন্দ্রীয় তহবিল (অনুদান)**

১। হিসাবের শিরোনামঃ "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (অনুদান)"

২। ব্যাংকের নামঃ সোনালী ব্যাংক পিএলসি

৩। শাখার নামঃ আগারগাঁও শাখা, ঢাকা

৪। হিসাব নম্বরঃ ৪৪৪০৪০২০০০৮৬৭

৫। রাউটিং নম্বরঃ ২০০২৬০০৪০

**খ) কেন্দ্রীয় তহবিল (যাকাত)**

১। হিসাবের শিরোনামঃ "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (যাকাত)"

২। ব্যাংকের নামঃ সোনালী ব্যাংক পিএলসি

৩। শাখার নামঃ আগারগাঁও শাখা, ঢাকা

৪। হিসাব নম্বরঃ ৪৪৪০৪০২০০০৮৮৩

৫। রাউটিং নম্বরঃ ২০০২৬০০৪০

**৬.০ মার্চেন্ট অ্যাকাউন্ট নম্বর**

মার্চেন্ট অ্যাকাউন্ট হিসেবে সমাজসেবা অধিদপ্তরের তত্ত্বাবধানে দান-অনুদান এবং যাকাত সংগ্রহের জন্য পৃথক দু'টি ডেডিকেটেড কর্পোরেট সিম ব্যবহৃত হবে। নম্বর ২টি হলোঃ **০১৩২৪১৫৫০৪৭ (অনুদান) এবং ০১৩২৪১৫৫০৬৫ (যাকাত)।** প্রয়োজনে এ নম্বর দু'টি পরিবর্তন করা যাবে। নম্বর পরিবর্তন হলে পরিবর্তিত নম্বর সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস অ্যাপ এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হবে।

- একাধিক মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) যেমন বিকাশ, রকেট এবং ব্যাংক কার্ড পেমেন্ট গ্রহণের জন্য একটি ইন্টিগ্রেটেড পেমেন্ট গেটওয়ে চালু করা হবে।
- নিরাপত্তার জন্য দুই-স্তরের যাচাইকরণ (2FA) ব্যবহার করা হবে।

**৭.০ অর্থ জমাদানের পদ্ধতি**

১. **সরাসরি ব্যাংক জমাঃ** সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও, ঢাকা শাখার চলতি হিসাব নম্বর ৪৪৪০৪০২০০০৮৬৭ এবং ৪৪৪০৪০২০০০৮৮৩ -এ নগদ বা চেকের মাধ্যমে টাকা জমা দেয়া যাবে।

২. **বিকাশ অ্যাপে 'ডোনেশন' অপশনের মাধ্যমেঃ** বিকাশ অ্যাপের 'Donation' অপশনে (ক) ''রোগীকল্যাণ সমিতি (অনুদান)'' ও (খ) ''রোগীকল্যাণ সমিতি (যাকাত)'' সিলেক্ট করে টাকা পাঠানো যাবে।

৩. **বিকাশ অ্যাপে 'পেমেন্ট' অপশনের মাধ্যমেঃ** বিকাশ অ্যাপের 'Payment' অপশনের মার্চেন্ট নম্বরসমূহে (ক) ০১৩২৪১৫৫০৪৭ (অনুদান) ও (খ) ০১৩২৪১৫৫০৬৫ (যাকাত) টাকা পাঠানো যাবে।

৪. USSD কোড *২৪৭# ব্যবহার করে সরাসরি ডোনেশন প্রদান করা যাবে।

৫. **অন্যান্য এমএফএসঃ** রকেট এবং অন্যান্য জনপ্রিয় এমএফএস প্ল্যাটফর্মে ডোনেশন সুবিধা পরবর্তীতে চালু করা যাবে।

৬. **অনলাইন পেমেন্ট গেটওয়েঃ** সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে ব্যাংক কার্ড, মোবাইল ব্যাংকিং এবং ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে পেমেন্ট চালু করা যাবে।

৭. **অফলাইন সংগ্রহঃ** সমাজসেবা অধিদপ্তরে ডোনেশন বক্স স্থাপনের মাধ্যমে দান-অনুদান সংগ্রহ করা যাবে।

৮. প্রতিটি অনলাইন ডোনেশনের জন্য ডোনারদের ডিজিটাল রসিদ প্রদান করা হবে।

৯. QR কোড-ভিত্তিক পেমেন্ট সুবিধা হাসপাতালে এবং প্রচারণায় ব্যবহার করা যাবে।

## ৮.০ তহবিল ব্যবস্থাপনা

১. যাকাত, দান এবং অনুদান যেকোন সময়ে অনুমোদিত মাধ্যমে গ্রহণ করা যাবে।

২. বিকাশে প্রদত্ত টাকা মার্চেন্ট অ্যাকাউন্টে জমা হবে এবং প্রতি কার্যদিবসে বিকাশ কর্তৃপক্ষ সার্ভিস চার্জ সরকার কর্তৃক নির্ধারিত হারে অথবা সমাজসেবা অধিদপ্তর ও বিকাশ কর্তৃপক্ষের মধ্যে সম্পাদিত MoU (Memorandum of Understanding) এর উল্লিখিত রেট অনুযায়ী কর্তনপূর্বক কেন্দ্রীয় তহবিলে স্থানান্তর করবে। অন্যান্য মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস এর জন্যও এটি প্রযোজ্য হবে।

৩. তহবিল ব্যবহারের বার্ষিক হিসাব সমাজসেবা অধিদপ্তরের পোর্টালে প্রকাশ করা হবে।

৪. তহবিল পরিচালনার জন্য মহাপরিচালক এবং পরিচালক (কার্যক্রম)-এর যৌথ স্বাক্ষরে কেন্দ্রীয় তহবিল পরিচালিত হবে।

৫. দৈব দুর্ঘটনা, মহামারী বা অন্যান্য জরুরি প্রয়োজনের জন্য তহবিলের ৫% জরুরি তহবিল হিসেবে সংরক্ষিত থাকবে।

৬. তহবিল বণ্টন প্রতি ছয় মাসে কমপক্ষে একবার বা জরুরি প্রয়োজনে মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে সম্পন্ন হবে।

৭. তহবিলের আয়-ব্যয়ের বিস্তারিত হিসাব ডিজিটালভাবে সংরক্ষণ করা হবে এবং বার্ষিক নিরীক্ষার জন্য উন্মুক্ত থাকবে।

৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর এর অনুমোদন সাপেক্ষে "রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল (অনুদান)" এর সর্বোচ্চ ৫% প্রচার-প্রচারণা ও আনুষঙ্গিক খাতে ব্যয় করা যাবে।

৯. অডিট কার্যক্রমের জন্য নির্ধারিত ফি এই কার্যক্রম থেকে ব্যয় করা যাবে।

১০. তহবিল ব্যবস্থাপনার জন্য ডিজিটাল অ্যাকাউন্টিং সফটওয়্যার ব্যবহার করা যাবে।

১১. ষান্মাসিক আর্থিক প্রতিবেদন জনসাধারণের জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

## ৯.০ তহবিল বণ্টনের সূচক

কেন্দ্রীয় তহবিল সুষ্ঠু ও সমানুপাতিক বণ্টনের জন্য নিম্নলিখিত সূচক এবং ওজন অনুসরণ করা হবে।

| সূচক | বিবরণ | ওজন (%) |
|---|---|---|
| সেবাগ্রহীতার সংখ্যা | হাসপাতালে আগত রোগীর সংখ্যা এবং সমাজসেবা কার্যালয় থেকে আর্থিক সেবা প্রদানের হার। | ২৫ |
| সরকারি অনুদানের পরিমাণ ও ব্যয়ের হার | জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও অন্যান্য সরকারি উৎস থেকে প্রাপ্ত অনুদান এবং ব্যয়ের হার। | ১৫ |
| স্থানীয় দান-অনুদানের পরিমাণ | স্থানীয়ভাবে সংগৃহীত যাকাত, দান ও অনুদানের পরিমাণ | ১৫ |
| স্থানীয় দান-অনুদান ব্যয়ের হার | স্থানীয়ভাবে সংগৃহীত যাকাত, দান ও অনুদানের ব্যয়ের হার | ১৫ |
| নবসৃষ্ট হাসপাতাল সমাজসেবা | রেজিস্ট্রেশন পরবর্তী তিন বছর পর্যন্ত হাসপাতালগুলোকে নতুন বিবেচনায় অগ্রাধিকার | ১০ |
| বিশেষায়িত সেবা | বিশেষায়িত হাসপাতাল/ইনস্টিটিউট | ৫ |
| হাসপাতালের ধারণক্ষমতা | হাসপাতালের শয্যাসংখ্যা | ৫ |
| ভৌগোলিক অবস্থান | ভৌগোলিক অবস্থানভেদে প্রাপ্যতা ( দারিদ্র্যপ্রবণ ও দুর্গম এলাকা) | ৫ |
| আজীবন সদস্য সংখ্যা | রোগীকল্যাণ সমিতির আজীবন সদস্য সংখ্যা | ৫ |

**বণ্টন প্রক্রিয়াঃ**

- **ডাটা সংগ্রহঃ** প্রতিটি হাসপাতাল থেকে ষান্মাসিক ভিত্তিতে সূচকের ডাটা সংগ্রহ।
- **স্কোরিংঃ** প্রতিটি সূচকের জন্য হাসপাতালকে ১-১০০ স্কেলে স্কোর দেওয়া।
- **ওজন প্রয়োগঃ** সূচকের ওজন প্রয়োগ করে মোট স্কোর হিসাব।
- **বণ্টন সূত্রঃ**
  **যাকাত/অনুদান = (মোট কেন্দ্রীয় তহবিল × হাসপাতালের স্কোর ÷ সকল হাসপাতালের মোট স্কোর)**
- **সময়সূচিঃ** ষান্মাসিক বণ্টন, জরুরি প্রয়োজনে ফাস্ট-ট্র্যাক প্রক্রিয়া।
- সূচকগুলো প্রতি বছর পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনে হালনাগাদ করা হবে।
- প্রতিটি হাসপাতালের স্কোর প্রকাশ করা হবে।
- বর্তমানে শুধুমাত্র জেলা পর্যায়ের হাসপাতালসমূহে অর্থ বণ্টন করা হবে। তবে, প্রয়োজন এবং হাসপাতালে ব্যয়ের পরিমাণ বিবেচনায় উপজেলা হাসপাতালে অর্থ বরাদ্দ দেয়া যাবে।

## ১০.০ কেন্দ্রীয় হিসাব ব্যবস্থাপনা কমিটি

### ১০.১ কমিটির রূপরেখাঃ

কেন্দ্রীয় তহবিল পরিচালনার জন্য একটি **১০ (দশ) সদস্যবিশিষ্ট কমিটি** গঠন করা হবে:

| পদবী | কমিটিতে পদমর্যাদা |
|---|---|
| মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সভাপতি |
| পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| অতিরিক্ত পরিচালক, কার্যক্রম অধিশাখা-১ | সদস্য |
| অতিরিক্ত পরিচালক, কার্যক্রম অধিশাখা-২ | সদস্য |
| উপপরিচালক, নিবন্ধন | সদস্য |
| উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ | সদস্য |
| উপপরিচালক, প্রশাসন | সদস্য |
| উপপরিচালক, অর্থ ও বাজেট | সদস্য |
| সহকারি পরিচালক, চিকিৎসা | সদস্য |
| উপপরিচালক, চিকিৎসা | সদস্য সচিব |

### ১০.২ কমিটির কর্মপরিধিঃ

১. মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস, ব্যাংক এবং অন্যান্য প্ল্যাটফর্মে সংগৃহীত তহবিলের হিসাব নিয়মিত মনিটরিং ও সংরক্ষণ।

২. বণ্টন সূচকের ভিত্তিতে তথ্য যাচাই এবং ন্যায্য বণ্টন নিশ্চিতকরণ।

৩. প্রতি ছয় মাসে কমপক্ষে একটি সভা আয়োজন এবং অগ্রগতি পর্যালোচনা।

৪. তহবিল সংগ্রহের জন্য অনলাইন ও প্রচলিত মাধ্যমে প্রচারণার পরিকল্পনা ও বাস্তবায়ন।

৫. ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (IDSDP) বা অনুরূপ সফটওয়্যারে তহবিল ব্যবস্থাপনার ইন্টিগ্রেশন।

৬. জরুরি পরিস্থিতিতে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন।

৭. বার্ষিক প্রতিবেদন তৈরি ও জনসাধারণের জন্য প্রকাশ।

### ১১.০ রিফান্ড পলিসি

১। এমএফএস এর মাধ্যমে ভুলক্রমে পাঠানো অনুদান/যাকাতের অর্থ ফেরতের জন্য অনুদানকারীকে ট্রানজ্যাকশন আইডি ও যথাযথ কারণ উল্লেখ করে ৭(সাত) কর্মদিবসের মধ্যে স্ব স্ব এমএফএস এর হেল্পলাইন নম্বরে কল করে আবেদন করতে হবে।

২। স্ব স্ব এমএফএস কর্তৃপক্ষ আবেদন যাচাই করে ৩(তিন) কর্মদিবসের মধ্যে সমাজসেবা অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবে।

৩। সমাজসেবা অধিদপ্তরের অনুমোদনের পর এমএফএস কর্তৃপক্ষ ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে অর্থ ফেরত দিবে এবং সমাজসেবা অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবে।

### ১২.০ প্রচার-প্রচারণা

১. তহবিল সংগ্রহে জনগণ ও ডোনারদের উৎসাহিত করতে ব্যাপক প্রচারণা চালাতে হবে।

- **ট্র্যাডিশনাল মিডিয়াঃ** টিভি, রেডিও, পত্রিকা এবং বিলবোর্ড।
- **অনলাইন মিডিয়াঃ** ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং লিংকডইন।
- **স্থানীয় প্রচারণাঃ** মসজিদ, স্কুল ও কমিউনিটি সেন্টারে QR কোড এবং পোস্টার।

২. প্রচারণার জন্য ব্র্যান্ড অ্যাম্বাসেডর বা সেলিব্রিটিদের সম্পৃক্ত করা যেতে পারে।

৩. অধিদপ্তরের গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখার মাধ্যমে সরকারি খরচে প্রচারণার ব্যবস্থা করা হবে।

৩. কেন্দ্রীয় হিসাব ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে দান-অনুদান তহবিলের সর্বোচ্চ ৫% প্রচারণায় ব্যয় করা যাবে।

৪. রোগীকল্যাণ সমিতি'র জন্য একটি ডেডিকেটেড ফেসবুক পেজ চালু করা হবে, যেখানে রোগীকল্যাণ সমিতি'র তহবিলের প্রভাব এবং সফল গল্প প্রকাশিত হবে, যা সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটের সাথে লিংকড থাকবে।

৫. প্রতি ষান্মাসিকে একটি প্রচারণা ক্যাম্পেইন চালানো হবে।

৬. ডোনারদের উদ্বুদ্ধকরণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে প্রশংসাপত্র প্রদান করা হবে।

**১৩.০ পরিবীক্ষণ ও মূল্যায়ন**

**১৩.১ পরিবীক্ষণ পদ্ধতিঃ**

১. **তহবিল সংগ্রহ পরিবীক্ষণঃ** এমএফএস এবং ব্যাংক হিসাবে জমা হওয়া তহবিলের রিয়াল-টাইম ডাটা কেন্দ্রীয় হিসাব ব্যবস্থাপনা কমিটি প্রতি ছয় মাসে অন্তত একবার পর্যালোচনা করবে।
২. **বণ্টন প্রক্রিয়া পরিবীক্ষণঃ** ষান্মাসিক বণ্টনের সঠিকতা এবং সময়মতো বিতরণ নিশ্চিত করতে হাসপাতালগুলোর ব্যাংক হিসাবসমূহে তহবিল স্থানান্তরের রেকর্ড যাচাই করা হবে।
৩. **ব্যয় পরিবীক্ষণঃ** প্রতিটি হাসপাতাল সমাজসেবা কার্যালয় মাসিক ব্যয় প্রতিবেদন চিকিৎসা শাখা, সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করবে, যা কেন্দ্রীয় হিসাব ব্যবস্থাপনা কমিটি এবং স্বাধীন অডিটর দ্বারা পরীক্ষা করা হবে।
৪. **প্রচারণা পরিবীক্ষণঃ** প্রচারণার মাধ্যমে তহবিল বৃদ্ধি এবং ডোনারদের প্রতিক্রিয়া মূল্যায়ন করা হবে।
৫. **অনলাইন প্ল্যাটফর্ম পরিবীক্ষণঃ** অনলাইন ড্যাশবোর্ড এবং অ্যাকাউন্টিং সফটওয়্যারের কার্যকারিতা নিয়মিত পরীক্ষা করা হবে।

**১৩.২ মূল্যায়ন পদ্ধতিঃ**

নির্দেশিকার কার্যকারিতা মূল্যায়নের জন্য নিম্নলিখিত ইন্ডিকেটর ব্যবহার করা হবে:
১. **তহবিল সংগ্রহের পরিমাণঃ** বার্ষিক সংগৃহীত তহবিলের তুলনা (লক্ষ্য: ১০% বৃদ্ধি)।
২. **সেবাপ্রার্থীদের কভারেজঃ** কেন্দ্রীয় তহবিলের মাধ্যমে সহায়তাপ্রাপ্ত রোগীর সংখ্যা। সেক্ষেত্রে কেন্দ্রীয় তহবিল থেকে বণ্টনকৃত অর্থ থেকে সেবাগ্রহীতা রোগীর বিস্তারিত তথ্য স্ব স্ব হাসপাতাল সংরক্ষণ করবে এবং ষান্মাসিক ভিত্তিতে সমাজসেবা অধিদপ্তরের চিকিৎসা শাখায় প্রেরণ করবে।
৩. **স্বচ্ছতার হারঃ** নির্দেশিকায় বর্ণিত সকল বিধিবিধান শতভাগ অনুসরণ ও বাস্তবায়ন।
৪. **ডোনার সন্তুষ্টিঃ** ডোনারদের মতামত সংগ্রহের মাধ্যমে সন্তুষ্টির হার মূল্যায়ন।
৫. **বণ্টনের দক্ষতাঃ** তহবিল স্থানান্তরে গড় সময় (লক্ষ্য: ছয় মাস)।

**১৩.৩ মূল্যায়ন প্রক্রিয়াঃ**

- ষান্মাসিক আর্থিক এবং সেবা প্রতিবেদন বিশ্লেষণ।
- ডোনার এবং রোগীদের মতামত সংগ্রহ।
- বার্ষিক স্বাধীন নিরীক্ষার মাধ্যমে স্বচ্ছতা নিশ্চিত করা।

**১৪.০ সম্ভাব্য চ্যালেঞ্জ ও উত্তরণের পদ্ধতি**

**১৪.১ সম্ভাব্য চ্যালেঞ্জঃ**

১. অনলাইন প্ল্যাটফর্মে ডোনারদের আস্থার অভাব।
২. স্থানীয় রোগীকল্যাণ সমিতির সক্ষমতার অভাব।
৩. প্রাকৃতিক দুর্যোগ বা জরুরি অবস্থায় তহবিল বণ্টনে বিলম্ব।
৪. উপজেলা পর্যায়ে সীমিত স্থানীয় তহবিল সংগ্রহ।
৫. অনলাইন পেমেন্ট প্ল্যাটফর্মে প্রযুক্তিগত ত্রুটি বা নিরাপত্তা ঝুঁকি।

**১৪.২ চ্যালেঞ্জ উত্তরণের পদ্ধতিঃ**

১. **আস্থা অর্জনঃ** রিয়াল-টাইম ডাটা প্রকাশ, সফল গল্প প্রচার এবং স্বাধীন নিরীক্ষার মাধ্যমে ডোনারদের আস্থা অর্জন।

২. **সক্ষমতা বৃদ্ধিঃ** সমাজসেবা অফিসারদের জন্য তহবিল ব্যবস্থাপনা এবং অনলাইন ট্র্যাকিংয়ে প্রশিক্ষণ।

৩. **দ্রুত বণ্টনঃ** জরুরি তহবিল বণ্টনের জন্য ফাস্ট-ট্র্যাক প্রক্রিয়া এবং ৫% সংরক্ষিত তহবিল।

৪. **স্থানীয় তহবিল নিশ্চিত করাঃ** কেন্দ্রীয় তহবিল থেকে উপজেলা হাসপাতালগুলোর জন্য ন্যূনতম তহবিল নিশ্চিত করা।

৫. **প্রযুক্তিগত সক্ষমতাঃ** দুই-স্তরের যাচাইকরণ এবং নিয়মিত সিস্টেম রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরাপত্তা ও কার্যকারিতা নিশ্চিত করা।

**১৫.০ সংশোধন/পরিবর্ধন/পরিবর্তন**

১. কেন্দ্রীয় হিসাব ব্যবস্থাপনা কমিটি প্রতি ০১ (এক) বছর অন্তর নির্দেশিকা পর্যালোচনা করবে।

২. সংশোধন বা পরিবর্ধনের প্রস্তাব কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং রোগীকল্যাণ সমিতি, এনজিও এবং অন্যান্য অংশীজনের মতামত গ্রহণ করা হবে।

৩. সংশোধন সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে অনুমোদিত হবে এবং সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং নোটিশের মাধ্যমে প্রকাশ করা হবে।

৪. জরুরি পরিস্থিতিতে কমিটি তাৎক্ষণিক সংশোধনের সিদ্ধান্ত নিতে পারবে, যা পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

লামিয়া ইয়াসমিন
উপপরিচালক (চিকিৎসা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

মোঃ সাজ্জাদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক
(কার্যক্রম-২)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

মোস্তফা মোস্তাকুর রহিম খান
পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা

মোঃ সাইদুর রহমান খান
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

**সংযোজনী-১: নমুনা প্রশংসাপত্র (Appreciation Letter)**

**রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিল**
**প্রশংসাপত্র**

প্রিয় [ডোনারের নাম],

রোগীকল্যাণ সমিতি কেন্দ্রীয় তহবিলে আপনার মূল্যবান অবদানের জন্য সমাজসেবা অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনার [টাকার পরিমাণ] টাকার যাকাত/অনুদান [তারিখ]-এ গৃহীত হয়েছে, যা হাসপাতালে সমাজসেবা কার্যালয়ে আগত অসহায় রোগীদের চিকিৎসা সেবায় ব্যবহৃত হবে এবং আপনার প্রদত্ত এ অর্থে আপনি আয়কর রেয়াত পাবেন।

আপনার এই মহানুভবতা অসংখ্য মানুষের জীবনে নতুন আশার সঞ্চার এবং সুস্থতার পথ প্রশস্ত করবে। আমরা আশা করি, ভবিষ্যতেও আপনার সহযোগিতা অব্যাহত থাকবে।

আন্তরিক শুভেচ্ছা,
[নাম]
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর
[তারিখ]

## সংযোজনী-২: দারিদ্র্যপ্রবণ এবং দুর্গম জেলা ও উপজেলাসমূহের তালিকা

### দারিদ্যপ্রবণ জেলাসমূহ

| ক্রমিক | জেলার নাম |
|---|---|
| ১ | মাদারীপুর |
| ২ | নরসিংদী |
| ৩ | পিরোজপুর |
| ৪ | কিশোরগঞ্জ |
| ৫ | চাঁপাইনবাবগঞ্জ |
| ৬ | নেত্রকোনা |
| ৭ | ঝালকাঠি |
| ৮ | পঞ্চগড় |
| ৯ | কুড়িগ্রাম |
| ১০ | চট্টগ্রাম |
| ১১ | বগুড়া |
| ১২ | মুন্সিগঞ্জ |
| ১৩ | সিরাজগঞ্জ |
| ১৪ | হবিগঞ্জ |
| ১৫ | ফেনী |
| ১৬ | খুলনা |
| ১৭ | মেহেরপুর |
| ১৮ | ঢাকা |
| ১৯ | নোয়াখালী |

### দুর্গম জেলা ও উপজেলাসমূহের তালিকা

| ক্রমিক | জেলা/উপজেলার নাম | ধরন |
|---|---|---|
| ১ | বান্দরবান | পাহাড়ি |
| ২ | খাগড়াছড়ি | পাহাড়ি |
| ৩ | রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৪ | সুনামগঞ্জ | হাওড় |
| ৫ | পাথরঘাটা, বরগুনা | চর |
| ৬ | মনপুরা, ভোলা | দ্বীপ |
| ৭ | গলাচিপা, পটুয়াখালী | চর |
| ৮ | মঠবাড়িয়া, পিরোজপুর | চর |
| ৯ | আলীকদম, বান্দরবান | পাহাড়ি |
| ১০ | লামা, বান্দরবান | পাহাড়ি |
| ১১ | নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | পাহাড়ি |
| ১২ | রোয়াংছড়ি, বান্দরবান | পাহাড়ি |

| ক্রমিক | জেলা/উপজেলার নাম | ধরন |
|---|---|---|
| ১৩ | রুমা, বান্দরবান | পাহাড়ি |
| ১৪ | থানচি, বান্দরবান | পাহাড়ি |
| ১৫ | সন্দ্বীপ, চট্টগ্রাম | দ্বীপ |
| ১৬ | কুতুবদিয়া, কক্সবাজার | দ্বীপ |
| ১৭ | দীঘিনালা, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ১৮ | লক্ষীছড়ি, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ১৯ | মহালছড়ি, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ২০ | মানিকছড়ি, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ২১ | মাটিরাঙ্গা, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ২২ | পানছড়ি, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ২৩ | রামগড়, খাগড়াছড়ি | পাহাড়ি |
| ২৪ | হাতিয়া, নোয়াখালী | দ্বীপ |
| ২৫ | বাঘাইছড়ি, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ২৬ | বরকল, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ২৭ | কাউখালী, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ২৮ | বিলাইছড়ি, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ২৯ | কাপ্তাই, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৩০ | জুরাছড়ি, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৩১ | লংগদু, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৩২ | নানিয়ারচর, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৩৩ | রাজস্থলী, রাঙ্গামাটি | পাহাড়ি |
| ৩৪ | ভাংগা, ফরিদপুর | চর |
| ৩৫ | চরভদ্রাসন, ফরিদপুর | চর |
| ৩৬ | অষ্টগ্রাম, কিশোরগঞ্জ | হাওড় |
| ৩৭ | ইটনা, কিশোরগঞ্জ | হাওড় |
| ৩৮ | মিঠামইন, কিশোরগঞ্জ | হাওড় |
| ৩৯ | নিকলী, কিশোরগঞ্জ | হাওড় |
| ৪০ | তেরখাদা, খুলনা | চর |
| ৪১ | বারহাট্টা, নেত্রকোনা | হাওড় |
| ৪২ | খালিয়াজুরী, নেত্রকোনা | হাওড় |
| ৪৩ | মদন, নেত্রকোনা | হাওড় |
| ৪৪ | চৌহালি, সিরাজগঞ্জ | চর |
| ৪৫ | রাজিবপুর, কুড়িগ্রাম | চর |
| ৪৬ | রৌমারী, কুড়িগ্রাম | চর |
| ৪৭ | আজমিরীগঞ্জ, হবিগঞ্জ | হাওড় |
| ৪৮ | লাখাই, হবিগঞ্জ | হাওড় |
| ৪৯ | রাজনগর, মৌলভীবাজার | হাওড় |
| ৫০ | বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ | হাওড় |
| ৫১ | ধর্মপাশা, সুনামগঞ্জ | হাওড় |
| ৫২ | দোয়ারাবাজার, সুনামগঞ্জ | হাওড় |

| ক্রমিক | জেলা/উপজেলার নাম | ধরন |
|---|---|---|
| ৫৩ | জগন্নাথপুর, সুনামগঞ্জ | হাওড় |
| ৫৪ | জামালগঞ্জ, সুনামগঞ্জ | হাওড় |
| ৫৫ | শাল্লা, সুনামগঞ্জ | হাওড় |
| ৫৬ | তাহিরপুর, সুনামগঞ্জ | হাওড় |
| ৫৭ | বিশ্বনাথ, সিলেট | হাওড় |

লামিয়া ইয়াসমিন
উপপরিচালক (চিকিৎসা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

মোঃ সাজ্জাদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক
(কার্যক্রম-২)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

মোস্তফা মোস্তাকুর রহিম খান
পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা

মোঃ সাইদুর রহমান খান
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।